"শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ"

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং-২৭.১২.২৬৩৭.০২৫.১১.১৮৩.১৫. ১৮৮৩ তারিখ ঃ ২২ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগ প্রদান/প্যানেল তৈরীর জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা (কম-বেশী হতে পারে) | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী সচিব/ সহকারী পরিচালক (প্রশাসন) ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-৯) | ০৬ (ছয়) টি | ১১-০৬-২০১৭ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৩২ এবং ৩৫ বৎসর। | শিক্ষাগত পরীক্ষায় কমপক্ষে ০১টি প্রথম শ্রেণী/বিভাগ এবং ০২টি দ্বিতীয় শ্রেণী/ বিভাগসহ কলা/ বাণিজ্য/ বিজ্ঞান/ আইন/ সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অথবা বর্ণিত বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। | সকল জেলা |
| ০২ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড-১৬) | ১০ (দশ) টি | ১১-০৬-২০১৭ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বৎসর। | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটারে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি (ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, খাগড়াছড়ি, লক্ষীপুর, মৌলভীবাজার, নাটোর, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, বরিশাল, পটুয়াখালী ও বরগুনা জেলা **ব্যতীত অন্যান্য সকল জেলা।** |
| ০৩ | স্টোর হেলপার ৳ ৮২৫০-২০০১০/= (গ্রেড-২০) | ০২ (দুই) টি | -ঐ- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত এবং পণ্যাগার রক্ষণাবেক্ষণ, মালামাল প্রদান ও গ্রহণ ইত্যাদি বিষয়ক কাজে বাস্তব জ্ঞান। | নরসিংদী, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, জামালপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, বান্দরবন, কুমিল্লা, ফেনী, মৌলভীবাজার, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, সিরাজগঞ্জ, রংপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, মাগুরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা ও ঝালকাঠী জেলা **ব্যতীত অন্যান্য সকল জেলা।** |
| ০৪ | অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী ৳ ৮২৫০-২০০১০/= (গ্রেড-২০) | ০৪ (চার) টি | -ঐ- | অষ্টম শ্রেণী পাশ। | |

**শর্তাবলী ঃ**

০১। প্রার্থীদেরকে http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ পূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আবেদন করার সর্বশেষ সময় ১১-০৬-২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত। তবে আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র পরীক্ষা ফি জমা প্রদান করা যাবে।

০২। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং- ০১ এ বর্ণিত পদের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা ও ক্রমিক নং- ০২ হতে ০৪ পর্যন্ত বর্ণিত পদের জন্য ১১২/- (একশত বার) টাকা Teletalk এর Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে চাইলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৫। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

০৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সমাপ্ত কোন প্রকল্পে প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়া পর্যন্ত কর্মরত ছিলেন এমন কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তাঁদের বয়সের সীমাবদ্ধতা রাখা হবে না। এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৯। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে প্রয়োজন মত লিখিত (MCQ/রচনামূলক), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**১০। প্রতিটি পদের বিপরীতে বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানের সময় কম/বেশী হতে পারে।**

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোন জেলার কোন শ্রেণীর কোটার প্রাপ্যতা পূর্ণ হলে সে শ্রেণীর জন্য প্রযোজ্য অন্যান্য পদে সে জেলার আবেদন বিবেচনা করা হবে না।

১৩। প্রত্যাশিত শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

**১৫। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক- ০১ এ বর্ণিত পদে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের যোগদানের সময় ৩০০ (তিনশত) টাকা/ প্রযোজ্য মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত কেউ চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী তিনি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবো-এ প্রদানে বাধ্য থাকবেন।**

**১৬। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক- ০১ এ বর্ণিত পদে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে গেলে বিধি অনুযায়ী তাকে চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি বাপবিবো-এর ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।**

১৭। পরীক্ষার সময়সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি SMS / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট www.reb.gov.bd / টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট http://brebr.teletalk.com.bd এ নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

*ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified*
www.reb.gov.bd

পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বাপবিবো/জন (                    ) ২০১৬-২০১৭